কালের কণ্ঠ

তারিখ 13 MAY 2015
পৃষ্ঠা ৬ কলাম ২

# পুলিশি নির্যাতনের প্রতিবাদে শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মঘট

**নিজস্ব প্রতিবেদক ও ঢাকা বিশ্ববিদ্যালয় প্রতিনিধি ▷**

পহেলা বৈশাখে নারী লাঞ্ছনার ঘটনায় জড়িতদের বিচার দাবির আন্দোলনে পুলিশি
নির্যাতনের প্রতিবাদে সব শিক্ষাপ্রতিষ্ঠানে গতকাল মঙ্গলবার সর্বাত্মক ধর্মঘট পালিত
হয়েছে। তবে ধর্মঘট সফল হলেও কয়েকটি প্রতিষ্ঠানে ছাত্রলীগ হামলা চালিয়েছে বলে
অভিযোগ করেছেন ধর্মঘট পালনকারী সংগঠনের নেতারা।
ছাত্র ইউনিয়নের ঢাকা মহানগর পুলিশ (ডিএমপি) সদর দপ্তর ঘেরাও কর্মসূচিতে গত
রবিবার হামলা চালিয়ে নেতা-কর্মীদের নির্যাতন করে পুলিশ। ওই দিনই সংবাদ সম্মেলন
করে দেশব্যাপী সব শিক্ষাপ্রতিষ্ঠানে ধর্মঘটের ডাক দেয় প্রগতিশীল ছাত্রজোট ও
সাম্রাজ্যবাদবিরোধী ছাত্র ঐক্য।
এদিকে ডিএমপি সদর দপ্তরের কাছে আন্দোলনকারীদের লাঠিপেটা, লাথি মারার
পাশাপাশি নারী কর্মীদের লাঞ্ছিত করার ঘটনায় জড়িতদের বিরুদ্ধে কী ব্যবস্থা নেওয়া
হয়েছে তা জানতে চেয়েছেন হাইকোর্ট। আগামী ১৪ জুনের মধ্যে এ বিষয়ে আদালতে
প্রতিবেদন দাখিল করতে পুলিশের মহাপরিদর্শকের প্রতি নির্দেশ দেওয়া হয়েছে।
বিচারপতি কাজী রেজা-উল হক ও বিচারপতি আবু তাহের মো. সাইফুর রহমানের
হাইকোর্ট বেঞ্চ গতকাল এ নির্দেশ দেন। অন্তর্বর্তীকালীন এ নির্দেশনার পাশাপাশি রুল
জারি করা হয়েছে।
লাঞ্ছিত করার ওই ঘটনা কেন অবৈধ হবে না এবং জড়িতের বিরুদ্ধে কেন আইনানুগ
ব্যবস্থা গ্রহণের নির্দেশ দেওয়া হবে না তা জানতে চাওয়া হয়েছে রুলে। স্বরাষ্ট্রসচিব,
পুলিশের মহাপরিদর্শক, ঢাকা মহানগর পুলিশ কমিশনার, শাহবাগ ও রমনা থানার
ওসিসহ বিবাদীদের চার সপ্তাহের মধ্যে রুলের জবাব দিতে বলা হয়েছে।
বামপন্থী ছাত্রসংগঠনগুলোর ডাকে ঢাকা বিশ্ববিদ্যালয়ে স্বতঃস্ফূর্ত ধর্মঘট পালিত হয়েছে।
বিশ্ববিদ্যালয়ের কোনো বিভাগে ক্লাস হয়নি। তবে পরীক্ষা অনুষ্ঠিত হয়েছে। সকাল
থেকেই ক্যাম্পাসের বিভিন্ন স্থানে অবস্থান নেয় প্রগতিশীল ছাত্রজোট ও সাম্রাজ্যবাদবিরোধী
ছাত্র ঐক্যের নেতাকর্মীরা। প্রধান প্রধান ফটকে তালা ঝুলিয়ে দেওয়া হয়। অপ্রীতিকর
পরিস্থিতি এড়াতে ক্যাম্পাসে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা ছিল। ছাত্র ইউনিয়নের পক্ষ
থেকে জানানো হয়, ঢাকা, জাহাঙ্গীরনগর, চট্টগ্রাম, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, চুয়েট,
জগন্নাথ বিশ্ববিদ্যালয়সহ সব শিক্ষাপ্রতিষ্ঠানে ছাত্র ধর্মঘট পালিত হয়েছে।
গতকাল সকাল থেকে দুপুর ১টা পর্যন্ত ধর্মঘট শেষে ঢাকা বিশ্ববিদ্যালয়ের মধুর ক্যান্টিনে
এক সংবাদ সম্মেলনে ছাত্র ইউনিয়ন সভাপতি হাসান তারেক অভিযোগ করেন, জগন্নাথ
বিশ্ববিদ্যালয়ে প্রগতিশীল ছাত্রজোটের ধর্মঘটে হামলা চালিয়েছে ওই বিশ্ববিদ্যালয়
ছাত্রলীগের নেতাকর্মীরা। এতে কমপক্ষে চারজন আহত হয়েছে।
ধর্মঘট পালন করতে গতকাল সকাল ৮টায় প্রগতিশীল ছাত্রজোটের কর্মীরা জগন্নাথ
বিশ্ববিদ্যালয়ের মূল ফটকের সামনে অবস্থান নেয়। ওই সময় ছাত্রলীগের ১৫-২০ জন
কর্মী ছাত্রজোটের কর্মীদের ওপর হামলা চালায়।